

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫১০

১/ বিবিধ

আরবী

عليكم بالقرع فإنه يزيد بالدماغ، عليكم بالعدس فإنه قدس على لسان سبعين نبيا  
موضوع

رواه أبو موسى المدني في جزء من " الأمالي " ( 63 / 1 ) وأبو نعيم في " الطب " عن عمرو بن الحصين: حدثنا محمد بن عبد الله بن علاثة عن ثور بن يزيد عن مكحول عن وائلة بن الأسقع مرفوعا. وهذا إسناد موضوع، عمرو بن حصين كذاب وشيخه ابن علاثة ضعيف كما تقدم مرارا، آخرها تحت الحديث (425) ومن هذا الوجه رواه الطبراني في " الكبير " كما في " المجمع " ( 5 / 44 ) وأورده السيوطي من روايته في " الجامع الصغير " فلم يوفق. كما سبق التنبيه عليه برقم (40) ، والغرض هنا الكلام على اللفظ الآخر، وهو: " عليكم بالقرع، فإنه يزيد في العقل، ويكثر الدماغ ". عزاه السيوطي للبيهقي عن عطاء مرسلا، وتعقبه المناوي بقوله: إن مخلد بن قريش أورده في " اللسان " وقال قال ابن حبان في " الثقات ": يخطيء ". قلت: فإن لم يكن في هذه الطريق إلا الإرسال فهو ضعيف، وإن كان القلب يميل إلى أن هذا المتن موضوع أيضا. والله أعلم ثم وقفت على إسناد الحديث عند البيهقي في " شعب الإيمان " ( 2 / 198 ) - مصورة المكتب الإسلامي ) ، فإذا فيه علة أخرى، فإنه رواه عن مخلد بن قريش: أنبأنا عبد الرحمن بن دلهم عن عطاء مرسلا مع الطرف الثاني من حديث الترجمة، خلافا لما يوهمه صنيع السيوطي من ذكره الطرف الأول منه فقط. قلت: وابن دلهم لم أجد

## له ترجمة فيما عندي من كتب الرجال

বাংলা

৫১০। তোমরা কদু গ্রহণ কর (খাবে)। কারণ তা মস্তিষ্ক (বুদ্ধি) বৃদ্ধি করে। তোমরা ডাল গ্রহণ কর (খাবে), কারণ সত্তরজন নবীর মুখে তার প্রশংসা করা হয়েছে।

হাদীছটি জাল।

এটি আবু মূসা আল-মাদীনী "আল-আমলী" গ্রন্থের জুযউ-এর মধ্যে (১/৬৩) এবং আবু নোয়াইম "আত-তীব্ব" গ্রন্থে আমর ইবনুল হুসায়েন সূত্রে মুহাম্মাদ ইবনু আদিব্লাহ ইবনে আলাছাহ হতে ... বর্ণনা করেছেন।

এ সনদটি বানোয়াট। আমর ইবনু হুসায়েন মিথ্যুক আর তার শাইখ মুহাম্মাদ ইবনু আলাছাহ দুর্বল। যেমনটি পূর্বে একাধিকবার গেছে, সর্বশেষ এ (৪২৫) হাদীছে। এ সূত্রেই তাবারানী "আল-মুজামুল কাবীর" গ্রন্থে বর্ণনা করেছেন, যেমনটি "আল-মাজমা" (৫/৪৪) গ্রন্থে এসেছে। সুযুতী তার বর্ণনা হতেই "আল-জামেউল সাগীর" গ্রন্থে উল্লেখ করেছেন।

এ হাদীছটিই (৪০) নম্বরে উল্লেখ করা হয়েছে। এখানের উদ্দেশ্য হচ্ছে দ্বিতীয় ভাষাটি উল্লেখ করা, সেটি হচ্ছে: **ويكثر الدماغ والعقل، فإنه يزيد في العقل،** অর্থ: তোমরা কদু খাবে কারণ তা বুদ্ধি বৃদ্ধি করে এবং মস্তিষ্ক বাড়ায়।

হাফিয সুযুতী বলেছেন: বাইহাকী মুরসাল হিসাবে আতা হতে বর্ণনা করেছেন। মানবী তার সমালোচনা করে বলেছেন: হাফিয ইবনু হাজার মিখলাদ ইবনু কুরাইশকে "আল-লিসান" গ্রন্থে উল্লেখ করে বলেছেন, ইবনু হিব্বান "আস-সিকাত" গ্রন্থে বলেন: তিনি ভুল করতেন।

আমি (আলবানী) বলছি: এ সূত্রে যদি মুরসাল হওয়া ছাড়া অন্য কিছু নাও থাকে তবুও সেটি দুর্বল। যদিও হৃদয় ধাবিত হচ্ছে এদিকেই যে এটির মতনও (ভাষা) বানোয়াট। অতঃপর আমি বাইহাকীর নিকট "শু'আবুল ঈমান" (২/১৯৮/২) গ্রন্থে হাদীছটির সনদ সম্পর্কে অবহিত হয়েছি। মুরসাল হওয়া ছাড়াও তাতে আরেকটি সমস্যা রয়েছে। সেটি হচ্ছে সনদের বর্ণনাকারী আব্দুর রহমান ইবনু দুলাহমের জীবনী আমার নিকট আসমায়ে রিজালের যে সব গ্রন্থ আছে সেগুলোর মধ্যে পাচ্ছি না।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশার: তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71389>

হাদিসবিডিৰ প্ৰজেক্টে অনুদান দিন